BRGEWA

**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা**
বাড়িঃ ৭৫/এ, রোডঃ ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

**"বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির হিসাব শাখা ও প্রকৌশল শাখায় ওয়াল কেবিনেট/ওয়াল আলমারি নির্মাণ" - এর জন্য**

# কোটেশন বিজ্ঞপ্তি

আরএফকিউ নংঃ ৪২/২০১৬/works-02
তারিখঃ ২৪/০৮/২০২৬

BBPA-PW1 (SRFQ)

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

অবসর ভবন

ফোনঃ 222240190, 48122987, 222240189

E-mail: brgewa@gmail.com

www.brgewa.com

স্মারক নং-৪২/২০১৬. ৭০৪ (২০) তারিখঃ ২৪/০৮/২০২৬

**"বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির হিসাব শাখা ও প্রকৌশল শাখায় ওয়াল কেবিনেট/ওয়াল আলমারি নির্মাণ" - এর জন্য**

# কোটেশন বিজ্ঞপ্তি

কোটেশন নংঃ ৪২/২০১৬/works-02 তারিখঃ ২৪/০৮/২০২৬

প্রতি,

______________________________

______________________________

______________________________

১. বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং সমিতি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২. সঠিক ও যথাযথভাবে কোটেশন দাখিলের লক্ষ্যে আগ্রহী/সম্ভাব্য দরদাতাগণকে দর প্রদানের পূর্বে অভীষ্ট কার্য সম্পর্কে স্পষ্ট ধারণা লাভে প্রয়োজনবোধে সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর কার্যালয়ে কাজের বিস্তারিত বিনির্দেশ (Specification) এবং ডিজাইন ও অঙ্কন (Design & Drawings) পরিদর্শন/অনুসন্ধানের জন্য উৎসাহ প্রদান করা যাইতেছে।

৩. **একক-দর (Unit-Rate)** এর ভিত্তিতে কোটেশন দাখিলের অনুরোধ করা যাইতেছে।

৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫. কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনের জন্য কোনো জামানত যেমন, কোটেশন সিকিউরিটি বা পারফরমেন্স সিকিউরিটির (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬. সিলমোহরকৃত খাম বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ০১/০৯/২৬ তারিখ সকাল/বেলা/বিকাল ৩:৩০ ঘটিকায় বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির হিসাব শাখা ও প্রকৌশল শাখায় ওয়াল



CamScanner

কেবিনেট/ওয়াল আলমারি নির্মাণ" এর জন্য কোটেশন এবং ০১/০৯/২৫ তারিখ সকাল/বেলা/বিকাল ৩:৩০ ঘটিকার পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭. ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৯২ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ৭ (সাত) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯. কাজের Bill of Quantities (BOQ) অনুযায়ী কোটেশন জমা দিতে হবে।

১০. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১১. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহের প্রকাশ্য উন্মুক্তকরণ হইবে না।

১২. যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩. দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে (Fixed) থাকিবে।

১৪. দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর/ব্যবসা সনাক্তকরণ নম্বর (BIN) এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার সনদ যাতে ন্যূনতম BDT (অনুমানিক ব্যয়ের ৩০%-৫০% সমপরিমাণ অর্থ) তরল সম্পদের হিসেবে প্রদর্শিত থাকবে- এর অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫. মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৬. একক দর (unit-rate) ভিত্তিক কোটেশনে একক দর ও মোট দর এর মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। এককালিন মোট মূল্য (Lump-sum) ভিত্তিক কোটেশনে কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।



CamScanner

১৭. দরদাতাগণের প্রস্তাবিত মূল্য ক্রয়কারী কর্তৃপক্ষের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ (Responsive) হলে, তা ২০২৫ সালের সরকারি ক্রয় বিধিমালা (Public Procurement Rules, 2025)-এর বিধি ২৫ ও ২৬ অনুসারে SLT (Significantly Low-priced Tender) হিসেবে পরীক্ষা করা হবে।

১৮. কার্য-সম্পাদন শুরুর তারিখ হইতে **৩০ (ত্রিশ)** দিনের মধ্যে কাজ সম্পন্ন করিতে হইবে।

১৯. অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে সফল দরদাতাকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণপত্র জারি করা হবে। আমন্ত্রণপত্র জারির ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে চুক্তি স্বাক্ষর করতে হবে।

২০. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করে।

মোঃ ইসমাইল হোসেন
(সাবেক অতিরিক্ত সচিব)
**প্রশাসক**

অনুলিপি :

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/স্বাস্থ্যসেবা ও কল্যাণ), বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।
২। কম্পিউটার টেকনিশিয়ান (সমিতির ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩। দায়িত্বরত/সংশ্লিষ্ট কর্মকর্তা, ধানমন্ডি বিক্রয়কেন্দ্র, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ৮৫/সি, ৭৫/ডি, রোড: ৫/এ, ধানমন্ডি, ঢাকা (প্রচারের জন্য আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৪। প্রশাসনিক কর্মকর্তা-১ (সমিতি কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। সংশ্লিষ্ট নির্মাণকারী/বিক্রয়কারী/সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ।
৬। দাপ্তরিক নথি।

কোটেশন দাখিলপত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

আরএফকিউ নম্বর : ৪২/২০১৬/works-02 তারিখঃ দিন/ মাস/ বৎসর

প্রতি,

প্রশাসক

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

বাড়ি: ৭৫/এ, রোড: ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, চুক্তির শর্তাবলি অনুসারে **"বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির হিসাব শাখা ও প্রকৌশল শাখায় ওয়াল কেবিনেট/ওয়াল আলমারি নির্মাণ"** কাজ সম্পাদনের জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা **[অংকে এবং কথায় উল্লেখ করুন]**।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা উহা মানিতে বাধ্য থাকিব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/আমরা চুক্তির শর্তাবলীর অনুচ্ছেদ- ২৮(ঙ) এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির অধিক কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, **আপনার প্রেরিত আমন্ত্রণপত্র আমাদের উপর একটি আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরের বাধ্যবাধকতা আরোপ করবে।**

আমি/আমরা .................... তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

Signature of Quotationer with
Seal
Date:



CamScanner

**Unit Rate Basis***

# Bill of Quantities

| ক্র. নং | কাজের বিবরণ (পছন্দনীয়ভাবে বিনির্দেশ সংবলিত) | একক | পরিমাণ | একক দর বা মূল্য (কোটেশনদাতা কর্তৃক পূরণীয়) | | মোট মূল্য (কোটেশনদাতা কর্তৃক পূরণীয় |
|---|---|---|---|---|---|---|
| | | | | অঙ্কে | কথায় | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 = 4x5 |
| 1 | বিআরজিইডব্লিউএ (BRGEWA) কার্যালয়ে ওয়াল কেবিনেট (Wall-mounted file cabinet) সরবরাহ, তৈরিকরণ (Fabrication) এবং স্থাপন। অনুমোদিত ডিজাইন এবং সাইটের অবস্থা অনুযায়ী স্থাপন কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল মালামাল, দক্ষ শ্রমিক এবং ফিনিশিং কাজ এর অন্তর্ভুক্ত।<br><br>উন্নতমানের মালামাল ও হার্ডওয়্যারের সমন্বয়ে ওয়াল কেবিনেট (পরিমাপঃ ৯'-০" × ৮'-২" = ৭৫ বর্গফুট ও ৭' × ৪' = ২৮ বর্গফুট; মোট = ১০৩ বর্গফুট) সরবরাহ, স্থাপন ও ফিটিং কাজ। যার সামনের পাল্লা ১৮ মিমি পুরু সেগুন কাঠ বোর্ডের (Burma Teak Board); ভেতরের তাক ১৮ মিমি পুরু গর্জন প্লাইউডের (Gorjon Ply Board); বেইজ ফ্রেম ২" সেগুন কাঠের বিটের এবং পেছনের অংশ (Backing) ৬ মিমি পুরু পিভিসি বোর্ডের (PVC Board)। এতে প্রয়োজনীয় সকল মালামাল, উন্নতমানের হার্ডওয়্যার (কব্জা, লক, হ্যান্ডেল), ফ্রেঞ্চ/ল্যাকার পলিশ (French/Lacquer Polish) | বর্গফুট | ১০৩ | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | এবং আনুসঙ্গিক সকল মালামাল সরবরাহ অন্তর্ভুক্ত; দায়িত্বরত প্রকৌশলীর দিকনির্দেশনা অনুযায়ী কাজ সম্পন্ন করতে হবে। | | | | | |
| এই ফরম্যাটটি নির্বাচনের পূর্বে সরকারি ক্রয় বিধিমালা, ২০২৫-এর বিধি ৯০(৫) এবং নির্দেশিকা নোটের (Guidance Notes) অনুচ্ছেদ ৪ অনুসরণীয়। | | | | | সর্বমোট টাকা (অংকে ও কথায়) - | |

আমি/আমাদের দ্বারা এই (Bill of Quantities) এর ......... টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে।

আমার/আমাদের প্রস্তাব ............... তারিখ পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]

কোটেশনদাতার স্বাক্ষর ও সিল

তারিখ: দিন/মাস/বছর

নোট (এই পদ্ধতি শুধুমাত্র উপযুক্ত বিবেচিত হলে ব্যবহার করা যাবে):

১. কাজটি স্বল্পমূল্যের ও সহজ প্রকৃতির এবং কাজের সকল উপাদান সঠিকভাবে নির্ধারণ করা সম্ভব।
২. সম্পাদিত কাজ নির্ধারিত কারিগরি স্পেসিফিকেশন, নকশা ও ড্রইংয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।
৩. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী কর্তৃক এবং কলাম ৫ ও ৬ দরদাতা (Quotationer) কর্তৃক পূরণযোগ্য।

চলমান পাতা

# চুক্তির সাধারণ শর্তাবলী

১. এই চুক্তিতে অন্তর্ভুক্ত সকল শর্তাবলী চুক্তির বাস্তবায়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে উভয় পক্ষের জন্য বাধ্যতামূলক হবে।

২. সাধারণভাবে এই চুক্তির শর্তাবলীর বাস্তবায়ন ও ব্যাখ্যা বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর আওতাভুক্ত থাকবে।

৩. ঠিকাদারকে চুক্তিপত্র স্বাক্ষরের তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে কাজ শুরু করতে হবে এবং চুক্তির সকল বিধান অনুযায়ী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কাজ সম্পূর্ণ করতে হবে।

৪. ঠিকাদারকে অবিলম্বে কাজের সকল ধাপ ও কার্যক্রমের সময়সূচি উল্লেখ করে একটি কাজের কর্মসূচি (Programme of Works) ক্রয়কারী নিকট দাখিল করতে হবে।

৫. ঠিকাদার কাজের আনুপাতিক (Pro Rata) অগ্রগতি বজায় রাখবে। অগ্রগতি নির্ধারণ করা হবে সম্পাদিত কাজের আর্থিক মূল্যের ভিত্তিতে।

৬. সাইট হস্তান্তরে ক্রয়কারী বিলম্ব, অপ্রতিরোধ্য/অনিবার্য পরিস্থিতি (Force Majeure) অথবা যথাযথভাবে নথিভুক্ত ও ক্রয়কারী কর্তৃক গ্রহণযোগ্য অন্য যে কোনো যুক্তিসঙ্গত কারণে ঠিকাদার কাজ সমাপ্তির নির্ধারিত সময়সীমা বৃদ্ধির দাবি করতে পারবে।

৭. ক্রয়কারী সম্পাদিত কাজসমূহ পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পরিলক্ষিত হলে তা ঠিকাদারকে অবহিত করবে।

৮. যে কোনো ধরনের পরীক্ষা ও পরিদর্শন সম্পন্ন করা হলেও, ক্রয়কারী কর্তৃপক্ষ দৃশ্যমান পরিদর্শন বা ক্ষেত্র/ল্যাবরেটরি পরীক্ষার মাধ্যমে ঠিকাদারকে নিম্নবর্ণিত বিষয়ে নির্দেশ প্রদান করতে পারবেঃ

   ক. চুক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় এমন কোনো কাজ বা তার অংশ অপসারণ ও প্রতিস্থাপন করা;

   খ. চুক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় এমন কোনো কাজ বা তার অংশ অপসারণপূর্বক পুনরায় সম্পাদন করা; এবং

   গ. কাজের নিরাপত্তার জন্য জরুরিভাবে কোনো কাজ সম্পাদন করা।

৯. প্রযোজ্য আইন অনুযায়ী সকল প্রকার কর, শুল্ক, ফি, লেভি ও অন্যান্য দায় পরিশোধের সম্পূর্ণ দায়িত্ব ঠিকাদারের ওপর ন্যস্ত থাকবে।

১০. অন্য যে কোনো প্রচলিত রীতি সত্ত্বেও, পরিমাপ পদ্ধতি ও পরিশোধ ব্যবস্থা সংশ্লিষ্ট বিল অব কোয়ান্টিটিজ অনুযায়ী চুক্তির ধরন অনুসারে নিম্নরূপ হবে–

ক. একক দর (Unit-Rate) এর ভিত্তিতেঃ

বিল অব কোয়ান্টিটিজ অনুযায়ী সম্পূর্ণ কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন হওয়ার পর কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হওয়া সাপেক্ষে সম্পূর্ণ বিল পরিশোধ করা হবে। সকল অর্থপ্রদান বাংলাদেশি মুদ্রা (টাকা)-তে করা হবে এবং ঠিকাদার কর্তৃক চুক্তির সকল দায়বদ্ধতা পূরণ সাপেক্ষে চূড়ান্ত অর্থপ্রদান সম্পন্ন হবে।

১১. ঠিকাদারের প্রদত্ত দর বা মূল্যে মুনাফা, ওভারহেড অন্তর্ভুক্ত থাকবে এবং প্রযোজ্য আইন অনুযায়ী সকল প্রকার কর, শুল্ক, ফি ও অন্যান্য চার্জ পরিশোধ করতে হবে।

১২. মোট চুক্তিমূল্য হবে [অঙ্কেঃ . . . . . . . . . . . . . ./-] (কথায়ঃ . . . . . . . . . . . . . . . . . . . . . .) টাকা।

১৩. পরিবর্তনাদেশের আওতাধীন কাজ (এককালীন/Lump-sum ব্যতীত) কোনো অবস্থাতেই চুক্তিমূল্যের ১০% অতিক্রম করতে পারবে না; যা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ৯০(১) ও ৯০(৬)(ক) ও (গ) অনুযায়ী প্রযোজ্য হবে।

১৪. প্রয়োজনে বিধি অনুসারে অনুমোদিত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত করে ক্রয়কারী চুক্তি সংশোধন করতে পারবে।

১৫. ক্রয়কারী কাজ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত প্রতিটি পর্যায়ক্রমিক বিল হতে ৫% হারে অর্থ কর্তন করে তা রিটেনশন মানি হিসেবে সংরক্ষণ করবে, যা ত্রুটি দায়কালীন সময়ে (Defect Liability Period) যেকোনো দাবির বিপরীতে ব্যবহারযোগ্য হবে।

১৬. ঠিকাদার নোটিশ প্রদানপূর্বক কাজের সমাপ্তি সনদ (Completion Certificate) ইস্যুর জন্য ক্রয়কারীর নিকট আবেদন করবে এবং কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হয়েছে মর্মে সন্তুষ্টি অর্জনের পর ক্রয়কারী উক্ত সমাপ্তি সনদ ইস্যু করবে।

১৭. আবেদন প্রাপ্তির সাত (৭) কার্যদিবসের মধ্যে ক্রয়কারী সত্তাঃ

ক. চুক্তির শর্তাবলীর আলোকে কাজসমূহ সম্পন্ন হয়েছে মর্মে উল্লেখপূর্বক ঠিকাদারের অনুকূলে সমাপ্তি সনদ (Completion Certificate) ইস্যু করবে; অথবা

খ. সমাপ্তি সনদ (Completion Certificate) ইস্যুর জন্য দাখিলকৃত আবেদনটি কারণ উল্লেখপূর্বক প্রত্যাখ্যান করবে এবং সনদ ইস্যু নিশ্চিতকরণের লক্ষ্যে ঠিকাদার কর্তৃক যে কাজসমূহ সম্পাদন বা পুনঃসম্পাদন করা প্রয়োজন, তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করবে।

১৮. সমাপ্তি সনদ ইস্যুর সাত (৭) কার্যদিবসের মধ্যে ক্রয়কারী সত্তা সাইট ও কাজ বুঝে নেবে।

১৯. চূড়ান্ত পরিশোধের জন্য ঠিকাদারের আবেদনের তারিখ হতে চৌদ্দ (১৪) দিনের মধ্যে, প্রয়োজনীয় সংশোধন বা সংযোজনের পরিধি উল্লেখপূর্বক, ক্রয়কারী ত্রুটি সংশোধনের জন্য নোটিশ জারি করতে পারবে।

২০. ত্রুটি দায়কাল (Defects Liability Period) হবে ১২ মাস, যা সমাপ্তি সনদ (Completion Certificate) ইস্যুর তারিখ থেকে কার্যকর হবে।

২১. ত্রুটি দায়কাল (Defects Liability Period) অতিক্রান্ত হওয়ার পর, ক্রয়কারী ত্রুটি সংশোধন সনদ (Defects Corrections Certificate) আকারে এই মর্মে প্রত্যয়ন করবে যে, উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে ক্রয়কারীর পক্ষ থেকে অবহিত করা সকল ত্রুটি ঠিকাদার কর্তৃক সংশোধন করা হয়েছে।

২২. ক্রয়কারীর পক্ষ থেকে অবহিত করা সকল ত্রুটি সংশোধন না হওয়া পর্যন্ত ত্রুটি দায়কাল (Defects Liability Period) বর্ধিত হতে পারে।

২৩. নির্ধারিত সময়ে ত্রুটি সংশোধন না করলে ক্রয়কারী সত্তা নিজে তা সংশোধন করে ব্যয় নির্ধারণ করতে পারবে এবং সেই ব্যয় পরিশোধে ঠিকাদার দায়বদ্ধ থাকবে।

২৪. কাজ সম্পাদনকালে যেকোনো ধরনের দাবি/অভিযোগ এবং ঠিকাদারের নিজের, তার শ্রমিক বা কর্মচারীর, ক্রয়কারীর কোনো কর্মচারীর কিংবা কোনো তৃতীয় পক্ষের সম্পত্তির ক্ষতি বা প্রাণহানি সংক্রান্ত দায় থেকে ঠিকাদার ক্রয়কারীকে দায়মুক্ত রাখতে বাধ্য থাকবে। কাজ বাস্তবায়নকালে উদ্ভূত যেকোনো দাবি/অভিযোগ ঠিকাদার নিজ খরচ ও দায়িত্বে নিষ্পত্তি করবে।

২৫. কাজ শুরু থেকে ত্রুটি দায়কাল শেষ হওয়া পর্যন্ত কাজ বা উপকরণের ক্ষয়ক্ষতি ঠিকাদারের কার্য বা অবহেলার কারণে হলে তা নিজ খরচে সংশোধন করতে হবে।

২৬. ত্রুটি দায়কাল শেষ হওয়ার চৌদ্দ (১৪) দিনের মধ্যে রিটেনশন মানি ফেরত দেওয়া হবে।

২৭. নিম্নোক্ত ক্ষেত্রে ক্রয়কারী লিখিত নোটিশের মাধ্যমে চুক্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করতে পারবে—

ক. ঠিকাদার যদি নির্ধারিত সময়ে চুক্তি স্বাক্ষর বা কাজ শুরু করতে ব্যর্থ হয়; অথবা



CS CamScanner

খ. যদি ঠিকাদার কর্ম-পরিকল্পনা অনুযায়ী কাজের সন্তোষজনক অগ্রগতি অর্জনে ব্যর্থ হয়; অথবা

গ. ঠিকাদার নকশা, অঙ্কন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে; অথবা

ঘ. ক্রয়কারীর লিখিত নোটিশ প্রাপ্তির পরও ঠিকাদার তাতে নির্ধারিত সময়ের মধ্যে ত্রুটি সংশোধন না করলে; অথবা

ঙ. ক্রয়কারীর দৃষ্টিতে ঠিকাদার যদি প্রতিযোগিতা কিংবা কার্য সম্পাদনের ক্ষেত্রে দুর্নীতি, প্রতারণা, যোগসাজশ, জবরদস্তি বা প্রতিবন্ধক আচরণে লিপ্ত হয়; অথবা

চ. ঠিকাদার চুক্তির অন্য যেকোন বাধ্যবাধকতা পালন না করলে; অথবা

ছ. ঠিকাদার যদি পিপিআর ২০২৫-এর বিধি ১৪৯-এ বর্ণিত আচরণে জড়িত হয়।

২৮. ধারা ২৮ অনুযায়ী চুক্তি বাতিল হলে অসম্পন্ন কাজের জন্য ঠিকাদার সংশোধিত দাপ্তরিক প্রাক্কলনের ২৫ শতাংশ হারে জরিমানা দিতে বাধ্য থাকবে। যা অসম্পন্ন কাজ সম্পূর্ণ করতে ক্রয়কারীর অতিরিক্ত ব্যয়িত অর্থ হিসেবে গণ্য হবে।

২৯. ক্রয়কারী এবং ঠিকাদার উভয় পক্ষই তাদের সর্বোত্তম চেষ্টা করবে এই চুক্তি বা এর ব্যাখ্যা সংক্রান্ত যেকোনো সম্ভাব্য বিরোধ সমঝোতার মাধ্যমে সমাধান করার জন্য।


৩০. ঠিকাদার পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬-এর ধারা ৬৪ এবং পিপিআর ২০২৫-এর বিধি ১৪৯-এর দুর্নীতি, প্রতারণা, যোগসাজশ, জবরদস্তি বা প্রতিবন্ধকতা সংক্রান্ত বিধান সম্পর্কে অবগত ও তা মানতে বাধ্য থাকবে।




CamScanner

# Specifications

## Design and Drawings




| Title Name: | Proposed Wall Cabinet Installation Work at Account Section and Engineering Section (5th Floor), Abasar Bhaban | | | | |
|---|---|---|---|---|---|
| BRGEWA | DRAWN BY: | Md. Zahidul Islam<br>Sub- Assistant Engineer (Civil)<br>Bangladesh Retired Government Employees Association | APPROVED BY: | Administrator<br>Bangladesh Retired Government Employees Association | Date:<br>Rev-1 |